সংবাদ

তারিখ 14 JUL 2017
8 1



গতকাল রাজধানীর সেগুনবাগিচায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ করেন শিক্ষামন্ত্রী -সংবাদ

# উন্নত শিক্ষার পাশাপাশি ভালো মানুষ তৈরি করতে চাই

## শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'উন্নত শিক্ষা প্রদানের পাশাপাশি আমরা ভালো মানুষ তৈরি করতে চাই। জ্ঞান প্রযুক্তি ও দক্ষতা অর্জনের সঙ্গে সঙ্গে একজন ভালো মানুষ হতে হবে। দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন সৎ ও আদর্শ মানুষ গড়ে তুলতে শিক্ষক হলেন মূল শক্তি। লক্ষ্য অর্জনে তাদের যথাযথ দায়িত্ব পালন করতে হবে।'

**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ১৩৮ কোটি টাকা উপবৃত্তি বিতরণ**

মন্ত্রী গতকাল রাজধানীর সেগুনবাগিচায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'কিছু লোক শিক্ষকদের চিরায়ত মূল্যবোধ নষ্ট করে দিচ্ছে। তারা কোচিং ব্যবসা করছে এবং তারা পরীক্ষার হলে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর বলে দেন। শিক্ষকতা পেশায় তাদের থাকার অধিকার নেই। উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিক্ষকদের দেশপ্রেমে উজ্জীবিত উন্নত মানসিকতা ধারণ করতে হবে। দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে তারাই নিয়ামক শক্তি ও মুখ্য ভূমিকা পালন করবেন।'

ভবিষ্যতের দক্ষ নেতৃত্ব গড়ে তুলতে নতুন প্রজন্মকে প্রস্তুত হওয়ার আহ্বান জানিয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গঠনের লক্ষ্য পূরণ করতে তাদের বিশ্বমানের জ্ঞানপ্রযুক্তি-দক্ষতা আয়ত্ত করতে হবে।

শিক্ষার মান ক্রমান্বয়ে বাড়ছে-উল্লেখ করে তিনি বলেন, 'আমাদের নতুন প্রজন্মের মধ্যে প্রযুক্তির ব্যবহার বাড়ছে। ডিজিটাল বাংলাদেশ এখন দৃশ্যমান বাস্তব। কলেজে ভর্তিসহ শিক্ষা মন্ত্রণালয়ের সব কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।'

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক নুরুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. এসএম ওয়াহিদুজ্জামান এবং ডাচ-বাংলা ব্যাংকের চেয়ারম্যান সায়েম আহমেদ বক্তৃতা করেন।

পরে শিক্ষামন্ত্রী অনলাইনের মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের এ বছরের উপবৃত্তির ১৩৮ কোটি ৩৫ হাজার ৮৬০ টাকা বিতরণ করেন। মোট ২ লাখ ৫৪ হাজার ৫৩৩ জন স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থী এ বৃত্তি পাচ্ছে। এদের মধ্যে ৬২ হাজার ৪৮৮ জন ছাত্র এবং ১ লাখ ৯২ হাজার ৪৫ জন ছাত্রী। অনুষ্ঠানে মন্ত্রী রংপুরের বেগম রোকেয়া কলেজের শিক্ষার্থীদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন। এ সময় ছাত্রীরা তাদের অনুভূতি ব্যক্ত করে। অনুষ্ঠানে ২০ জন শিক্ষার্থীর হাতে নগদ বৃত্তির টাকাও তুলে দেন শিক্ষামন্ত্রী। অনলাইনে মোবাইলের মাধ্যমে বৃত্তির টাকা বিতরণে ডাচ-বাংলা ব্যাংক কারিগরি সহায়তা দিচ্ছে।